68

দৈনিক বাংলা

তারিখ ... 05-JUL-1997 ..
পৃষ্ঠা 2 কলাম 4 ...

# ঢাকা ভার্সিটির অনুষ্ঠানে শিক্ষামন্ত্রীর উপস্থিতি সম্পর্কে ব্যাখ্যা

গত ৩০ জুন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ বিল্ডিং উদ্বোধনকে কেন্দ্র করে কয়েকটি পত্রিকায় অতি-রঞ্জিত করে যে খবর প্রকাশিত হয়েছে তা শিক্ষা মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করেছে। খবর তথ্য বিবরণীর।

প্রকৃতপক্ষে এই অনুষ্ঠানটি সকাল ৯টায় হওয়ার জন্যে পূর্ব নির্ধারিত ছিল। কিন্তু পরে হঠাৎ করে একই দিন সকাল ৯টায় কেবিনেট মিটিং নির্ধারিত হওয়ায় শিক্ষামন্ত্রী অনুষ্ঠানটি পেছানোর অনুরোধ করেন।

এদিকে, জাতীয় সংসদে সকাল ১০-৩০ মিনিট থেকে বাজেট অধিবেশনে মন্ত্রণালয়সমূহের দাবী উত্থাপনে শিক্ষামন্ত্রী ব্যস্ত থাকেন। ফলে অনুষ্ঠানের সময় নির্ধারণ করা হয়েছিল দুপুর দুটো। পুনঃ নির্ধারিত এই সময়েই মাননীয় মন্ত্রী বিজনেস স্টাডিজ বিল্ডিং উদ্বোধন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি ও সংশ্লিষ্ট অনুষদের ডীনসহ মোট তিনজন এই সময় বক্তৃতাও করেন।

পরে শিক্ষামন্ত্রী ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের বাসভবনে যান এবং সেখানে শিক্ষকদের সঙ্গে এক মতবিনিময় সভায় মিলিত হন।

সুতরাং সমগ্র বিষয়টিতে কোন তড়িঘড়ি ছিল না। অন্য কোন দলের কোন প্রকার কর্মসূচীর কারণে তিনি দেরীতেও যাননি, তাড়াহুড়া করেও ফেরেননি।

উল্লেখ্য, ৩০ জুনের একদিন পর ২ জুলাইও টিএসসিতে শিক্ষামন্ত্রী বাংলাদেশ প্রাণিবিজ্ঞান সমিতির রজত জয়ন্তীর অনুষ্ঠান উদ্বোধন করেন।